



সদর দপ্তর

বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী
আগারগঞ্জ ও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা ১২০৭
www.coastguard.gov.bd

বিজ্ঞপ্তি

৪৪.০৮.২৬৮০.০৬০.৪৮.০০১.১৯.৭০৫ তারিখ ২৮ এপ্রিল ২০১৯।

২০১৯-২০২০ অর্থবছরে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীতে সরবরাহকারী ও ঠিকাদার তালিকাভুক্তি এবং নবায়ন প্রসঙ্গে

১। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর ২০১৯-২০২০ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত শ্রেণীর জন্য আগ্রহী ঠিকাদারদের তালিকাভুক্তির আবেদন আহ্বান করা যাচ্ছে :

শ্রেণী 'ক' : সকল প্রকার পণ্য সামগ্রী (Goods) সরবরাহকারী প্রতিষ্ঠান (ঔষধ সরবরাহকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে The Bengal Drug Rules 1946. Form 9 থাকা বাধ্যতামূলক)।

শ্রেণী 'খ' : অফিস সরঞ্জাম ও অন্যান্য যন্ত্রপাতি মেরামতকারী প্রতিষ্ঠান (কম্পিউটার, প্রিন্টার, পিপিএস মেশিন, টিভি, ফ্রিজ, এসি, ফোন, ফ্যাক্স, মাল্টিমিডিয়া, ক্যামেরা ও ভিডিও ক্যামেরা, ইউপিএস, আইপিএস, নোট কাউন্টিং, সাইক্লোস্টাইল মেশিন ইত্যাদি)।

শ্রেণী 'গ' : মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কশপ/জলযান মেরামতকারী প্রতিষ্ঠান।

২। 'ক' শ্রেণীভুক্ত সকল সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে মূসক-৮ ফরমে Procurement Provider হিসাবে এবং খ ও গ শ্রেণীভুক্ত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট বিষয়ে মূসক-৮ ফরমে নিবন্ধিত হতে হবে।

৩। দরপত্রে অংশগ্রহণের জন্য এক শ্রেণীতে নিবন্ধিত হয়ে অন্য শ্রেণীর দরপত্রে অংশগ্রহণ করা যাবে না। প্রত্যেক শ্রেণীর জন্য আলাদা আলাদাভাবে ফি প্রদানপূর্বক তালিকাভুক্ত হতে হবে এবং সংশ্লিষ্ট মূসক ফরমে নিবন্ধিত হতে হবে।

৪। তালিকাভুক্তি ও নবায়ন ফি :

ক। শ্রেণীভিত্তিক তালিকাভুক্তি ফি ৫,০০০/০০ (পাঁচ হাজার মাত্র) টাকা (অফেরৎযোগ্য)।

খ। শ্রেণীভিত্তিক নবায়ন ফি ২,০০০/০০ (দুই হাজার মাত্র) টাকা (অফেরৎযোগ্য)।

৫। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে মহাপরিচালক বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী বরাবর স্ব-স্ব প্রতিষ্ঠানের প্যাডে আবেদন করতে হবে। এছাড়াও আবেদনপত্রে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর স্থায়ী ও বর্তমান ঠিকানা, টেলিফোন/রেজিস্ট্রার্ড মোবাইল নাম্বার ও ই-মেইল আইডি ইত্যাদি থাকতে হবে। আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় পে-অর্ডার আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, কোস্ট গার্ড সদর দপ্তর (AYONO O BAYON KORMOKORTA, Coast Guard Sodor Dophtor) বরাবর সংযুক্ত করতে হবে। তালিকাভুক্তির জন্য অবিবেচিত হলে প্রদেয় পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।

৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে :

ক। ট্রেড লাইসেন্সের হালনাগাদ কপি।

খ। হাল নাগাদ ইনকাম ট্যাক্স সার্টিফিকেট।

গ। ভ্যাট নিবন্ধন সনদের কপি।

ঘ। ব্যাংক সক্ষমতার সনদপত্র (হালনাগাদ) এবং গত ছয় মাসের ব্যাংক লেনদেন স্টেটমেন্ট।

ঙ। প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধির সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি ২ কপি।

চ। পে অর্ডার।

ছ। ড্রাগ লাইসেন্স (ঔষধ সরবরাহকারীর ক্ষেত্রে)।

জ। জাতীয়তা পরিচয়পত্রের ফটোকপি।

ঝ। প্রাধিকারপ্রাপ্ত (Authorised) প্রতিনিধির নমুনা (Specimen) স্বাক্ষর (০৩ টি)।

৭। বর্তমানে তালিকাভুক্ত সরবরাহকারী ও ঠিকাদারগণকেও তালিকাভুক্তি নবায়নের জন্য আবেদন করতে হবে। সকল প্রকার আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ৩০ মে ২০১৯। উল্লেখ্য, অন্যান্য সরকারি সংস্থায় কালো তালিকাভুক্ত/অযোগ্য প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

৮। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী, কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

পরিচালক লজিস্টিক্স
পক্ষে মহাপরিচালক

